




এক মাসের মধ্যে রামিসা হত্যার বিচার সম্পন্নের আশ্বাস প্রধানমন্ত্রীর



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

রাজধানীর পল্লবীতে ৮ বছর বয়সী শিশু রামিসা আক্তার হত্যা মামলার আসামির সর্বোচ্চ শাস্তি দ্রুত নিশ্চিত করা হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান।

শনিবার ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৭তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, সরকার শিশু ও নারী নির্যাতনের ঘটনায় কোনো ধরনের ছাড় দেবে না। রামিসা হত্যার দায়ে অভিযুক্ত সোহেল রানার বিরুদ্ধে দ্রুত বিচার সম্পন্ন করে আগামী এক মাসের মধ্যে সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করার আশ্বাস দেন তিনি। তারেক রহমান বলেন, এ ধরনের অপরাধের কঠোর দৃষ্টান্ত তৈরি করা প্রয়োজন, যাতে ভবিষ্যতে কেউ শিশু বা নারীর বিরুদ্ধে সহিংসতার সাহস না পায়। তিনি জানান, সরকার মৃত্যুদণ্ড কার্যকরের দিকেই এগোচ্ছে।

অনুষ্ঠানে নজরুলচর্চা ও সাংস্কৃতিক ঐতিহ্য নিয়েও কথা বলেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জীবন ও দর্শন নতুন প্রজন্মের কাছে আরও বিস্তৃতভাবে তুলে ধরতে হবে।

এ সময় ত্রিশালকে 'নজরুল সিটি' হিসেবে গড়ে তোলার সন্তাবনা যাচাই করতে সংস্কৃতি মন্ত্রণালয় ও পর্যটন বিভাগকে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার আহ্বান জানান তিনি।